দৈনিক সংবাদ

তারিখ 06 DEC 1987 পৃষ্ঠা 8 কলাম 6

062

# বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিগগিরই মেরামত করা হবে

**—শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, সুষ্ঠু প্রশাসন ও সেবামূলক চিন্তাধারায় উদ্বুদ্ধ প্রশাসনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী ছাড়া জনগণের প্রত্যাশা পূরণ সরকারের পক্ষে সম্ভব নয়। সেই লক্ষ্য অর্জনে সবাইকে সততা ও দক্ষতার সাথে কাজ করতে হবে বলে তিনি উল্লেখ করেন।

মন্ত্রী গতকাল শনিবার শিক্ষা ভবনে শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা বিভাগের অধীনস্থ বিভিন্ন পরিদপ্তরের মহাপরিচালক, বিভাগীয় প্রধানগণ ও অন্যান্য ঊর্ধতন কর্মকর্তা ও কর্মচারীর উদ্দেশে বক্তব্য রাখছিলেন। সভায় আ হ ম করিম, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পরিদপ্তর, জহুরুল হক ভূইয়া, মহাপরিচালক প্রাথমিক শিক্ষা পরিদপ্তর বক্তব্য রাখেন।

বর্তমান আর্থিক বছরে উন্নয়ন খাতে বরাদ্দকৃত অর্থের সুষ্ঠু ব্যবহারের ওপর জোর দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। তিনি বলেন, বন্যার কারণে ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মেরামত ও পুনঃ নির্মাণের মাধ্যমে পুনর্বাসনের কাজের জন্য কিছুদিনের মধ্যেই প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের কাজ হাতে নেয়া হবে। এরজন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহের উদ্যোগ ইতিমধ্যে নেয়া হয়েছে বলে তিনি জানান। খবর তথ্য বিবরণীর।